

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স -২২৮৬(আগরতলা, ১২।১০)

তেলিয়ামুড়া, ১২ অক্টোবর ২০১৭

### তেলিয়ামুড়ায় দ্বিতল আই টি আই'র উদ্বোধন

এক অনুষ্ঠানের মধ্য দিয়ে গতকাল হাওয়াইবাড়ীতে নবনির্মিত দ্বিতল বিশিষ্ট শিল্প প্রশিক্ষণ কেন্দ্রের উদ্বোধন হয়েছে। এই শিল্প প্রশিক্ষণ কেন্দ্রের দ্বারোদঘাটন করেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী তপন চক্রবর্তী। এই প্রশিক্ষণ কেন্দ্রটি তেলিয়ামুড়া মহকুমার উন্নয়নে একটি উজ্জ্বল নজীর। এই অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন মৎস্য মন্ত্রী খগেন্দ্র জমাতিয়া, খোয়াই জিলা পরিষদের সভাপতি সাইনী সরকার, বিধায়ক মনীন্দ্র দাস ও গৌরী দাস, তেলিয়ামুড়া পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান অমরেশ চৌধুরী, কল্যাণপুর পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সুনীল মুন্ডা, তেলিয়ামুড়া পুর পরিষদের চেয়ারপার্সন সজল কুমার দে, শিল্প ও বাণিজ্য দপ্তরের বিশেষ সচিব ভি জি জেনার প্রমুখ।

উদ্বোধকের ভাষণে শিল্প ও বাণিজ্য মন্ত্রী তপন চক্রবর্তী বলেন, রাজ্যের অধিকাংশ মহকুমাগুলিতে শিল্প প্রশিক্ষণ কেন্দ্র গড়ে তোলা হয়েছে। উদ্দেশ্য হলো বেকার যুবক-যুবতীরা যাতে শিল্প বিষয়ক দক্ষতা অর্জন করে স্বাবলম্বী হয়ে ওঠে। তিনি বলেন, সমাজের উন্নয়নের প্রথম শর্তই হচ্ছে শিক্ষা। শিক্ষার সম্প্রসারণে রাজ্য সরকারের বিভিন্ন কর্মসূচি তিনি তুলে ধরে বলেন, মানব সম্পদের উন্নয়ন, বিকাশ অত্যন্ত জরুরী। তা না হলে দেশ এগিয়ে যাবে না। সেই লক্ষ্য নিয়ে রাজ্যের বামফ্রন্ট সরকার মানব সম্পদ উন্নয়নে কাজ করছে। এজন্য রাজ্য বাজেটে সবচেয়ে বেশী বরাদ্দ করা হয় শিক্ষার মানোন্নয়নে এবং সম্প্রসারণে।

অনুষ্ঠানে মৎস্য মন্ত্রী খগেন্দ্র জমাতিয়া বলেন, আজকের দিনটি মহকুমাবাসীর কাছে অত্যন্ত আনন্দের দিন। এলাকাবাসীর বহুদিনের কাঙ্ক্ষিত এই প্রশিক্ষণ কেন্দ্র উদ্বোধনের ফলে সংশ্লিষ্ট এলাকার যুবক-যুবতীরা বিভিন্ন স্বনির্ভর কর্মসূচির সাথে যুক্ত হতে পারবেন।

অনুষ্ঠানে বিধায়ক মনীন্দ্র দাস ও গৌরী দাস, সভাপতি সাইনী সরকার বক্তব্য রাখতে গিয়ে জাতি-উপজাতির মধ্যে শান্তি-সম্প্রীতি বজায় রেখে মানব সম্পদ উন্নয়নের উপর গুরুত্বারোপ করেন। স্বাগত ভাষণ রাখেন শিল্প ও বাণিজ্য দপ্তরের বিশেষ সচিব ভি জি জেনার। নবনির্মিত এই দ্বিতল বিশিষ্ট শিল্প প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণে ব্যয় হয়েছে ১২ কোটি টাকা।

\*\*\*\*\*

জি এস